অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/8/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

সানরাইজ উইন্ড (SUNRISE WIND) প্রকল্পে সহায়তার জন্য গভর্নর হোচুলের 86 মিলিয়ন ডলারের নিউ ইয়র্ক স্টেটের একক বৃহত্তম উপকূলীয় উইন্ড সাপ্লাই চেইন অ্যাওয়ার্ড ঘোষণা

কোয়েম্যান্স পোর্টে অরস্টেড (Ørsted) ও এভারসোর্স (Eversource) এর বিনিয়োগ নিউ ইয়র্কের কোম্পানিগুলোর জন্য নির্মাণ ও ইস্পাত উৎপাদনের ব্যবসা নিয়ে এসেছে

রাজধানী অঞ্চলে ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কে 230টি কর্মসংস্থান তৈরি করছে

পোর্টের অবকাঠামো ও সাপ্লাই চেইনের জন্য উল্লেখযোগ্য বিনিয়োগ টার্গেট করতে নিউ ইয়র্কের 2022 সালের উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত সলিসিটেশন

2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট উপকূলীয় বায়ুশক্তি উৎপাদন করার জন্য নিউ ইয়র্কের জাতীয়-নেতৃত্বের লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোচুল আজ স্টেটের সানরাইজ উইন্ড উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত প্রকল্পে সহায়তার জন্য নিউ ইয়র্ক স্টেটের একমাত্র বৃহত্তম উপকূলীয় উইন্ড সাপ্লাই চেইন কন্ট্রাক্ট অ্যাওয়ার্ড ঘোষণা করেছেন। সানরাইজ উইন্ড উন্নয়নের যৌথ অংশীদার, অরস্টেড ও এভারসোর্স, কোয়েম্যান্স পোর্টে উইন্ড টারবাইনের জন্য উন্নত ফাউন্ডেশন কম্পোনেন্ট নির্মাণের উদ্দেশ্যে রিগস ডিস্টলার অ্যান্ড কোম্পানি ইনক. (Riggs Distler & Company, Inc.) এর সাথে 86 মিলিয়ন ডলারের একটি সাপ্লাই চেইন চুক্তি স্বাক্ষর করেছে, যা রাজধানী অঞ্চলে ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কে অবস্থিত নিউ ইয়র্কের কোম্পানিগুলোর জন্য নির্মাণ ও ইস্পাত উৎপাদনের ব্যবসা নিয়ে এসেছে, এবং পরিবারগুলোর জন্য স্থিতিশীল 230টি কর্মসংস্থান তৈরি করছে। সেইসাথে, এই উদীয়মান শিল্পখাতের দীর্ঘমেয়াদী অর্থনৈতিক সুবিধা আরো বেশি বৃদ্ধি করতে পোর্টের অবকাঠামো ও সাপ্লাই চেইনের জন্য উল্লেখযোগ্য বিনিয়োগ টার্গেট করে 2022 সালের শুরুতে স্টেটের পরবর্তী উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত সলিসিটেশন প্রদান করবে। আজকের এই ঘোষণা 2035 সালের মধ্যে কমপক্ষে 9,000 মেগাওয়াট উপকূলীয় বায়ুশক্তি উৎপন্ন করার জন্য নিউ ইয়র্কের জাতীয়-নেতৃত্বের লক্ষ্যকে সমর্থন করে।

"নিউ ইয়র্কের সানরাইজ উইন্ড প্রকল্পের জন্য সম্পন্ন হওয়া এই নতুন অংশীদারিত্ব নিউ ইয়র্কের অর্থনীতিতে 86 মিলিয়ন ডলার যোগ করবে যা নিউ ইয়র্কের কোম্পানিগুলোকে সরাসরি উপকৃত করবে এবং স্থানীয় কমিউনিটিগুলোতে মানসম্মত নির্মাণ ও উৎপাদন সংক্রান্ত

কর্মসংস্থান তৈরি করবে," **বলেছেন গভর্নর হোচুল**। "আমাদের জলবায়ুর লক্ষ্য অর্জনের উপায় নিয়ে আমরা সাহসী পদক্ষেপ গ্রহণ করতে যাচ্ছি এবং 2022 সালের শুরুতে আমাদের আসন্ন উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত সলিসিটেশন দিয়ে নিউ ইয়র্ক আরো একবার সবুজ অর্থনীতির দিকে দ্রুত গতিতে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে এর জাতীয় নেতৃত্ব প্রদর্শন করবে।"

লেফটেনেন্ট গভর্নর বেঞ্জামিন বলেন, "যুক্তরাষ্ট্রের উপকূলীয় বায়ুশক্তি শিল্পের উন্নয়ন এক প্রজন্মে একবার আসে এমন একটি সুযোগ যা স্টেটব্যাপী কমিউনিটিগুলোর জন্য উল্লেখযোগ্য অর্থনৈতিক ও পরিবেশগত সুফল বয়ে আনছে। এই মুহূর্তকে কাজে লাগিয়ে, আমরা দক্ষ শ্রমিকদের একটি কর্মীদল তৈরি করছি, যা বৈশ্বিক পর্যায়ে প্রতিযোগিতা করতে সক্ষম হবে এবং উপকূলীয় বায়ুশক্তি শিল্পকে সহায়তা করতে নতুন সাপ্লাই চেইন ব্যবসা আকৃষ্ট করতে পারবে, এবং ফলস্বরূপ নিউ ইয়র্কের সবুজ অর্থনীতিকে এগিয়ে নিবে।"

লেফটেনেন্ট গভর্নর বেঞ্জামিন আজ কোয়েম্যান্স পোর্টে একটি অনুষ্ঠানে এই ঘোষণা প্রদান করেন এবং এই চুক্তি সানরাইজ উইন্ড প্রকল্পের জন্য নির্মাণকাজ ও কর্মসংস্থানের একটি হাব হিসেবে নিউ ইয়র্ক স্টেটের অবস্থানকে দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করেছে এবং কোয়েম্যান্স পোর্টকে যুক্তরাষ্ট্রের শ্রমিকদের দ্বারা উপকূলীয় বায়ুশক্তি ফার্মের উন্নত ফাউন্ডেশন কম্পোনেন্ট নির্মাণের জন্য ব্যবহার করা যুক্তরাষ্ট্রের প্রথম পোর্টগুলোর মধ্যে অন্তর্ভুক্ত করেছে। অনুমান করা হচ্ছে উইন্ড ফার্মের টারবাইনের ফাউন্ডেশনের মৌলিক উপাদানস্বরূপ শতাধিক বৃহৎ-আকারের ও বিশেষায়িত উপাদান নির্মাণের জন্য 115 জন স্থানীয় ইউনিয়ন শ্রমিক কোয়েম্যান্স পোর্টে কাজ করবেন। 12 টন থেকে 120 টন আকারের এবং 40 ফুট পর্যন্ত উচ্চতার এসব কম্পোনেন্টের প্রতিটির মধ্যে রয়েছে ফাউন্ডেশনের অভ্যন্তরীণ ও বহির্ভাগের প্লাটফর্ম, রেইলিং, ইস্পাতের মই, খাঁচা, ও অন্যান্য গুরুত্বপূর্ণ অংশ যা উইন্ড টারবাইন জেনারেটর যে ভিত্তির উপর দাঁড়িয়ে থাকবে সেটির মনোপাইল ফাউন্ডেশনের সাথে সংযুক্ত হবে।

নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (Energy Research and Development Authority) ও ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) সহ-সভাপতি, ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্কে আমাদের এটা সবসময়ই জানা ছিল যে উপকূলীয় বায়ুশক্তি উন্নয়নের ক্ষেত্রে এই শিল্পের বেড়ে উঠা ও সমৃদ্ধি লাভ নিশ্চিত করতে অবশ্যই একটি শক্তিশালী সাপ্লাই চেইন অন্তর্ভুক্ত থাকতে হবে। ডেভেলপারদের সাথে আমাদের উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত কৌশলগত চুক্তি আমাদের স্টেটজুড়ে ইতোমধ্যে বিদ্যমান দক্ষ উৎপাদন খাতকে কাজে লাগিয়ে নিউ ইয়র্কের পোর্টের অবকাঠামো রূপান্তর করার জন্য নকশা করা হয়েছে - কোয়েম্যান্স পোর্টে এই বৃহৎ উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত বিনিয়োগের মাধ্যমে আমরা সেটি বাস্তবে রূপ নিতে দেখছি।"

অরস্টেড উপকূলীয় নর্থ আমেরিকা (Ørsted Offshore North America) এর চিফ এক্সিকিউটিভ অফিসার, ডেভিড হার্ডি বলেন, "আমরা একটি দেশীয় সাপ্লাই চেইন গড়ে তুলছি এবং একটি দীর্ঘস্থায়ী শিল্প প্রতিষ্ঠা করছি যা দেশের সবুজ জ্বালানি ও অর্থনৈতিক লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আঞ্চলিক সরবরাহকারীদের সাথে অংশীদার হওয়ার মাধ্যমে এবং সানরাইজ উইন্ড-এর নির্মাণকাজের হাব রাজধানী অঞ্চলে স্থাপন করার মাধ্যমে, যা দক্ষ কর্মীদল এবং পরিবহনের চাহিদা পূরণে একটি নির্ভরযোগ্য পোর্টের ব্যবস্থা করবে, আমরা নিউ

ইয়র্কে হাজার হাজার নতুন, ইউনিয়ন কর্মসংস্থান তৈরি করার জন্য আমাদের অঙ্গীকার পূরণ করছি।"

এভারসোর্স এনার্জি-এর (Eversource Energy) চিফ এক্সিকিউটিভ অফিসার, জোয়ি নোলান বলেন, "আজকের এই চুক্তি এম্পায়ার স্টেটে কর্মসংস্থান, অর্থনৈতিক সুযোগ, এবং নিউ ইয়র্কের হাজার হাজার বাড়ির জন্য পর্যাপ্ত নির্মল, নবায়নযোগ্য জ্বালানি নিয়ে আসার আমাদের অঙ্গীকার পূরণের ক্ষেত্রে একটি মাইলফলক হয়ে থাকবে। আমাদের সানরাইজ উইন্ড প্রকল্পের মত উপকূলীয় বায়ুশক্তি সব নিউ ইয়র্কবাসীর জন্য একটি নতুন নির্মল জ্বালানির ভবিষ্যত তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, যা জলবায়ু পরিবর্তনের সবচেয়ে খারাপ প্রভাবসমূহ মোকাবেলায় সাহায্য করার পাশাপাশি ভবিষ্যত প্রজন্মগুলোকে উপকৃত করবে এমন একটি নতুন স্থানীয় সাপ্লাই চেইন তৈরি করবে।"

এই চুক্তি কার্যকর হওয়ার মধ্য দিয়ে নিউ ইয়র্কের মাউন্ট ভার্নন ও সগার্টিজ এবং নিউ জার্সির চেরি হিলে অফিস রয়েছে এমন একটি শীর্ষস্থানীয় ইউনিয়ন কনস্ট্রাকশন সল্যুশন্স ফার্ম, রিগস ডিস্টলার এন্ড কোম্পানি ইনক., কোয়েম্যান্স পোর্টে পূর্বে প্রস্তুতকৃত উন্নত ফাউন্ডেশন কম্পোনেন্ট নির্মাণের জন্য জেনারেল কন্ট্রাক্টর হিসেবে দায়িত্ব পালন করবে। একবার নির্মাণ সম্পন্ন হয়ে গেলে, এসব কম্পোনেন্ট হাডসন নদী দিয়ে সানরাইজ উইন্ড উপকূলীয় উইন্ড ফার্মের সাইটে পাঠানো হবে যা মন্টাউক পয়েন্ট, N.Y. এর আনুমানিক 30 মাইল পূর্ব দিকে ফেডারেল জলসীমায় অবস্থিত। রিগস ডিস্টলার হলো সেঞ্চুরি গ্রুপ, ইনক. (Centuri Group, Inc.) এর পূর্ণ-মালিকানাধীন একটি সাবসিডিয়ারি।

রিগস ডিস্টলার-এর প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার, স্টিফেরন জেমাইট্যাটিস বলেন, "যুক্তরাষ্ট্রের উপকূলীয় বায়ুশক্তি উৎপাদন বেসের অংশ হতে পেরে এবং নর্থইস্টে এই উদীয়মান নির্মল জ্বালানি শিল্পের অগ্রভাগে থাকতে পেরে রিগস ডিস্টলার আনন্দিত। 100 বছরেরও বেশি সময় ধরে কার্যপরিচালনা করার অভিজ্ঞতা নিয়ে, আমাদের অঞ্চলের জলবায়ুর লক্ষ্যকে এগিয়ে নিয়ে যাবে এবং আমাদের কমিউনিটিগুলোর জন্য আরো নির্মল, আরো বেশি টেকসই ভবিষ্যত গড়ে তুলতে অবদান রাখবে এমন প্রথমবারের মতো সম্পন্ন হতে যাওয়া এই প্রকল্পে আমাদের দক্ষ ইউনিয়ন কর্মীদল ও স্থানীয় কন্টেন্ট নিয়ে আসতে পেরে আমরা গর্বিত।"

সেইসাথে, এই সানরাইজ উইন্ড প্রকল্পে বিনিয়োগ নিউ ইয়র্কের স্থানীয় কোম্পানিগুলোর জন্য উল্লেখযোগ্য উৎপাদন কার্যক্রমের সুযোগ তৈরি করবে এবং নিউ ইয়র্কবাসীদের জন্য নির্ভরযোগ্য কর্মসংস্থান তৈরি করবে। এই বিনিয়োগের মাধ্যমে প্রদান করা সুযোগসমূহের মধ্যে রয়েছে:

- নিউ ইয়র্কে অ্যালেঘানি কাউন্টির ওয়েলসভিলে অবস্থিত জুংস্টর্ম LLC (Ljungström LLC) ইস্পাতের কম্পোনেন্টগুলো উৎপাদন করবে এবং সেগুলো কোয়েম্যান্স পোর্টে পৌঁছে দিবে। এটি ওয়েস্টার্ন নিউ ইয়র্কে কমপক্ষে 100টি কর্মসংস্থান তৈরি করবে।
- কোয়েম্যান্স পোর্টের নির্মাণকাজ একটি প্রকল্প শ্রমিক চুক্তির আওতাধীন থাকবে। ডেভেলপারদের অঙ্গীকার অনুযায়ী, অরস্টেড ও এভারসোর্স বৃহত্তর রাজধানী অঞ্চলের বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের (Building and Construction Trades

Council) সাথে রিগস ডিস্টলার কর্তৃক পোর্টে সম্পন্ন করা উন্নত কম্পোনেন্ট সংক্রান্ত সকল নির্মাণকাজ সম্পর্কিত একটি প্রকল্প শ্রমিক চুক্তি নিয়ে আলোচনা করবে।

- কোয়েম্যান্স পোর্টে কম্পোনেন্টগুলো প্রস্তুত করার জন্য ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার, কংক্রিট ম্যাসন, অপারেটিং ইঞ্জিনিয়ার, আয়রন ওয়ার্কার, শ্রমিক ও অন্যান্যদের সহ নিউ ইয়র্কের ভবন ও নির্মাণ পেশার 115 জন দক্ষ ট্রেডসমেন ও ট্রেডসউইমেনকে নিযুক্ত করা হবে।
- সানরাইজ উইন্ড-এর উন্নত কম্পোনেন্ট তৈরিতে সহায়তার জন্য স্থানীয় নির্মাণ সহায়তা, পরিবহন, ফ্যাসিলিটি, ও উপকরণ সরবরাহ খাতের জন্য নিউ ইয়র্কে বহু অতিরিক্ত সুযোগ তৈরি হবে। এসবের মধ্যে কংক্রিট সাপ্লাই, সাইটে সহায়তা পরিষেবা, ফ্যাসিলিটি, লাইটিং, ও সরঞ্জাম, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

জুংস্টর্ম-এর ম্যানেজিং ডিরেক্টর, ম্যাট ফেরিস বলেন, "নিউ ইয়র্কের প্রথম উপকূলীয় বায়ুশক্তি প্রকল্প সফলভাবে সম্পন্ন করতে সাহায্য করার জন্য আমাদের অংশীদারদের সাথে একসঙ্গে কাজ করার সুযোগ পেয়ে জুংস্টর্ম অত্যন্ত উচ্ছসিত। গত 94 বছর ধরে জীবাশ্ম জ্বালানী থেকে বিদ্যুৎ উৎপাদনের জন্য আমাদের যে ব্যবসা তার মধ্যে বৈচিত্র্য এনে উপকূলীয় বায়ুশক্তি থেকে বিদ্যুৎ উৎপাদনের উদীয়মান সবুজ/নবায়নযোগ্য বাজারে প্রবেশ করার জন্যে আমাদের কোম্পানির কৌশলের মধ্যে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি মাইলফলক।"

সানরাইজ উইন্ড-এর অংশ হিসেবে অরস্টেড ও এভারসোর্সও সেন্টার ফর ইকোনোমিক গ্রোথ (Center for Economic Growth) এর কৌশলগত নেতৃত্বের অধীনে 1 মিলিয়ন ডলারের কর্মীদল প্রশিক্ষণের উদ্যোগ চালু করবে। এটি প্রকল্পের আওতাভুক্ত কাজে সহায়তাকারী প্রকল্পের ক্রিয়াকলাপে সমর্থন দিবে, কর্মসংস্থানের সুযোগ সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিতে সাহায্য করবে এবং এলাকার বাসিন্দারা যাতে উপকূলীয় বায়ুশক্তির অর্থনৈতিক সুযোগসমূহ, যেমন দক্ষতার প্রশিক্ষণকে অগ্রাধিকার দেয়ার প্রচেষ্টা ও সুবিধাবঞ্চিত কমিউনিটির মধ্য থেকে নিয়োগ দেয়া, ইত্যাদি সুযোগের অ্যাক্সেস পায় তা নিশ্চিত করবে।

সেন্টার ফর ইকোনোমিক গ্রোথ-এর প্রেসিডেন্ট ও CEO, মার্ক ইয়েগান বলেন, "কোয়েম্যান্স পোর্টে সানরাইজ উইন্ড-এর প্রকল্প নিউ ইয়র্কের রাজধানী অঞ্চলকে ইস্ট কোস্টের একটি প্রধান উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত কম্পোনেন্টের হাব হিসেবে আরো শক্ত অবস্থান গড়ে দিবে, যা লং আইল্যান্ড থেকে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক পর্যন্ত স্টেটের উৎপাদন ক্ষমতার মধ্যে সংযোগ স্থাপন করবে। আলবানি কাউন্টিতে আমাদের বন্দরগুলো অমূল্য সম্পদ হিসেবে প্রমাণীত হচ্ছে - এমন সম্পদ যা এই অঞ্চলকে উপকূলীয় বায়ুশক্তি শিল্পের অর্থনৈতিক প্রভাব অনুভব করার সুযোগ করে দিচ্ছে। গভর্নর ক্যাথি হোচুলের ভিশন ও সমর্থন, NYSERDA-এর নিবেদিত প্রচেষ্টা ও দক্ষতা, এবং অরস্টেড ও এভারসোর্স এর বিনিয়োগের কারণে এই অঞ্চলে শুধু যে আরো 100টি ভালো-বেতনের কর্মসংস্থান তৈরি হবে তাই নয়, বরং সেইসাথে আরো অন্তর্ভুক্তিমূলক ও বৈচিত্র্যময় অর্থনীতি গড়ে উঠবে।"

কার্ভার কোম্পানিজ (Carver Companies) এর বিক্রয় ও ব্যবসা উন্নয়ন বিষয়ক প্রেসিডেন্ট, স্টিফেন কেলি বলেন, "নিউ ইয়র্ক স্টেটের বাণিজ্যকে রাজধানী অঞ্চলে নিয়ে আসার জন্য অরস্টেড ও এভারসোর্স এর সাথে যোগ দিতে পেরে কোয়েম্যান্স পোর্ট ও কার্ভার

কোম্পানিজ গর্বিত বোধ করছে। হাডসন নদীকে স্থলভাগ ও সমুদ্রের মধ্যে সংযোগ স্থাপনকারী একীভূত সমাধান হিসেবে ব্যবহার করে কোয়েম্যান্স পোর্ট আপস্টেটের অর্থনীতির জন্য কর্মসংস্থানের সুযোগ ও সমৃদ্ধির একটি উৎস হয়ে আছে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার ও ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের সহ-সভাপতি, বাসিল সেগোস বলেন, "গভর্নর হোচুল জলবায়ু পরিবর্তন মোকাবেলা করা এবং আমাদের কমিউনিটিগুলোকে পুনরায় শক্তিশালী করাকে তার শীর্ষ অগ্রাধিকার হিসেবে গ্রহণ করছেন। কোন বিষয়টি ঝুঁকিতে রয়েছে গভর্নর সেটা অনুধাবন করতে পেরেছেন এবং তিনি নিউ ইয়র্কের নবায়নযোগ্য জ্বালানি দ্বারা চালিত একটি সবুজ অর্থনীতিতে রূপান্তর হওয়া ত্বরান্বিত করার জন্য আবশ্যক গুরুত্ব বিবেচনায় নিয়ে কাজ করছেন। এই সানরাইজ উইন্ড প্রকল্প নিউ ইয়র্কের সবুজ জ্বালানি ভবিষ্যতের ভিত্তি স্থাপন করছে। জলবায়ু পরিবর্তন মোকাবেলার কাজে লোকজনকে নিয়োজিত করাটা পরিবেশ সুরক্ষিত রাখা এবং আমাদের অর্থনীতিকে শক্তিশালী করার জন্য একটি চমৎকার কৌশল।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর চিফ অপারেটিং অফিসার ও এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার, কেভিন ইউনিস বলেন, "নির্মল জ্বালানি নিউ ইয়র্কের অর্থনৈতিক ভবিষ্যতের একটি গুরুত্বপূর্ণ উপাদান এবং এই প্রকল্প শুধু রাজধানী অঞ্চলে উল্লেখযোগ্য বিনিয়োগ তৈরি করবে তাই নয়, বরং সেইসাথে এটি কয়েক শতাধিক নতুন, সবুজ কর্মসংস্থান এবং একটি অধিকতর নির্মল, সবুজতর নিউ ইয়র্ক তৈরির দিকে নিয়ে যাবে।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "নিউ ইয়র্কের উপকূলীয় বায়ুশক্তি প্রকল্পগুলো সামনে এগিয়ে নেয়ার ক্ষেত্রে এটি একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ন্যায্য উত্তরণ ওয়ার্কিং গ্রুপ (Just Transition Working Group) এর সহ-সভাপতি হিসেবে, নবায়নযোগ্য ও সবুজ জ্বালানির উৎসসমূহ উন্নয়নে আমরা যে অগ্রগতি করছি তা দেখে আমি রোমাঞ্চিত। আমাদের পরিবেশকে সংরক্ষণ করার পাশাপাশি, সবুজ অবকাঠামোর মাধ্যমে তৈরি হওয়া কর্মসংস্থানগুলো সব নিউ ইয়র্কবাসীর জন্য, বিশেষ করে আমাদের সুবিধাবঞ্চিত ও যথাযথ প্রতিনিধিত্ব না থাকা জনগোষ্ঠীর জন্য মানসম্মত ক্যারিয়ার তৈরি করবে।"

যুক্তরাষ্ট্রের সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা, চার্লস ই. স্কুমার বলেন, "এই অসাধারণ সংবাদটি তিনটি পক্ষের জয়। এটি আমাদের পরিবেশের জন্য জয় যে নিউ ইয়র্ক উপকূলীয় বায়ুশক্তির চমৎকার নবায়নযোগ্য সংস্থানকে কাজে লাগাচ্ছে। এটি রাজধানী অঞ্চলের অর্থনীতির জন্য জয় যে এই প্রকল্পের এত বড় কম্পোনেন্টগুলো এখানে একত্রিত করা হবে যা স্থানীয় অর্থনীতিতে 230টি কর্মসংস্থান যোগ করবে। এবং এটি সঙ্ঘবদ্ধ শ্রম খাতের পুরুষ ও মহিলাদের জন্য জয় যে অরস্টেড ও এভারসোর্স একটি প্রকল্প শ্রমিক চুক্তির অধীনে এই কাজটি সম্পন্ন করার তাদের অঙ্গীকার অব্যাহত রেখেছে।"

কংগ্রেসম্যান পল ডি. টনকো বলেন, "উপকূলীয় বায়ুশক্তি নির্মল জ্বালানির প্রসার ঘটানো এবং দূষণ কমানোর পাশাপাশি আঞ্চলিক কর্মসংস্থান তৈরি ও অর্থনৈতিক বৃদ্ধি উন্নত করার

একটি অসাধারণ সুযোগ উপস্থাপন করে। সানরাইজ উইন্ড, কোয়েম্যান্স পোর্ট, ও আপস্টেট নিউ ইয়র্কের ব্যবসা প্রতিষ্ঠানগুলোর মধ্যকার অংশীদারিত্ব সম্পর্কিত আজকের ঘোষণা আমাদের নির্মল জ্বালানির লক্ষ্যকে এগিয়ে নেয়া এবং নিউ ইয়র্ককে এই দেশীয় শিল্পের অগ্রভাগে রাখার ক্ষেত্রে একটি যুগান্তকারী পদক্ষেপ। এই প্রকল্পের সাথে জড়িত সবার প্রতি আমার অভিনন্দন রইলো। আমাদের দেশের নির্মল জ্বালানি ভবিষ্যতের জন্য উপকূলীয় বায়ুশক্তি শিল্প যাতে একটি কেন্দ্রীয় ভূমিকা পালন করে সেটা নিশ্চিত করবে এমন ফেডারেল নীতিমালার জন্য এবং আমাদের রাজধানী অঞ্চল যাতে সবুজতর পোর্ট এবং এই উদীয়মান শিল্পের কর্মসংস্থান তৈরির সম্ভাবনা থেকে উপকৃত হতে পারে সেজন্য কংগ্রেসে লড়াই চালিয়ে যাওয়ার ব্যাপারে আমি দৃঢ় প্রতিজ্ঞ রয়েছি।"

সিনেটর কেভিন পার্কার বলেন, "সিনেটের জ্বালানি ও টেলিযোগাযোগ বিষয়ক কমিটির সভাপতি হিসেবে, স্টেটের সানরাইজ উইন্ড উপকূলীয় বায়ুশক্তি প্রকল্প সমৃদ্ধ হওয়ার সুযোগ লাভ করবে এই ব্যাপারে আমি আশাবাদী। এই উদ্যোগ আমাদের নবায়নযোগ্য জ্বালানি বিকল্পের সামগ্রিক পুল বৃদ্ধি করবে, সেইসাথে নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দাদের জন্য গ্রিন কলার কর্মসংস্থান তৈরি করবে। এটি আমাদের স্টেটের জন্য একটি বিশাল জয়, এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলায় কাজ করার এই সময়ে গভর্নর হোচুল ও NYSERDA-এর ভিশন ও নেতৃত্বের জন্য আমি তাদের সাধুবাদ জানাই।"

সিনেটর মিশেল হিনচে বলেন, "রাজধানী অঞ্চলের একজন সিনেটর হিসেবে, আমি অত্যন্ত গর্বিত যে নিউ ইয়র্কের সর্ববৃহৎ উপকূলীয় বায়ুশক্তি প্রকল্প এখানে কোয়েম্যান্স পোর্টে সম্পন্ন হতে যাচ্ছে, যা আমাদের কমিউনিটিগুলোকে ভালো বেতনের নতুন কর্মসংস্থানের একটি সরাসরি খাত প্রদান করছে যেটি আমাদেরকে দৃঢ় সংকল্পের সাথে নির্মল জ্বালানি দিয়ে চালিত একটি ভবিষ্যতের দিকে এগিয়ে নিবে। এটি রাজধানী অঞ্চলকে উপকূলীয় বায়ুশক্তি অবকাঠামোর জাতীয় হাব হিসেবে প্রতিষ্ঠা করার জন্যে জীবনে একবার আসার মতো একটি সুযোগ, এবং আমাদের কমিউনিটিকে জলবায়ু সংকটের বিরুদ্ধে নিউ ইয়র্কের লড়াইয়ের একটি ভিত্তি হিসেবে স্বীকার করে নেয়ায় অরস্টেড ও এভারসোর্স এনার্জিকে আমি ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফ্যাহি বলেন, "সানরাইজ উইন্ড নিউ ইয়র্ক স্টেটের সর্ববৃহৎ ও দেশের-নেতৃস্থানীয় উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত উদ্যোগ, এবং আমি রোমাঞ্চিত যে উইন্ড টারবাইন উৎপাদনের জন্য রাজধানী অঞ্চলের কোয়েম্যান্স পোর্টে এক শতাধিক ভালো বেতনের, ইউনিয়নভুক্ত ও সবুজ কর্মসংস্থান নিয়ে আসার জন্য একটি চুক্তি সম্পাদিত হয়েছে। জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের (CLCPA) মাধ্যমে নিউ ইয়র্কের জোরালো ও উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু বিষয়ক পদক্ষেপ গ্রহণের মানদণ্ড স্থাপন চালিয়ে যাওয়ার এই সময়ে, সানরাইজ উইন্ড আমাদেরকে আমাদের নির্গমন সংক্রান্ত লক্ষ্যের আরো কাছাকাছি নিয়ে যেতে থাকবে এবং এই প্রক্রিয়ায় ভবিষ্যতের জন্য একটি শক্তিশালী, সবুজ অর্থনীতি গড়ে তুলবে। আমি NYSERDA এবং এই প্রকল্পের সম্পূর্ণ সম্ভাবনা বাস্তবায়নের জন্য কাজ করে যাওয়া সব অংশীদারকে সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য জন ম্যাকডোনাল্ড বলেন, "আলবানি পোর্টে চালু হওয়া বায়ু শক্তির অগ্রগতিতে শক্তিশালী ভিত্তি স্থাপনে গভর্নর ও NYSERDA-এর কাজকে আমি সাধুবাদ জানাই।

সেইসাথে, এই উদ্যোগটি আমার সমর্থন করা একটি আইন, জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যগুলো এগিয়ে নেয়ার আরেকটি পদক্ষেপ, এবং এই প্রচেষ্টা আমাদেরকে আরো টেকসই একটি ভবিষ্যতের আরো একধাপ কাছাকাছি নিয়ে আসবে। আজকের ঘোষণা আমাদের কমিউনিটিতে আরো বেশি ভালো কর্মসংস্থান তৈরি করবে এবং এই অঞ্চলকে অর্থনৈতিক ও পরিবেশগত উভয় দিক থেকে উপকৃত করবে। সত্যিকার অর্থেই সবার জয়ী হওয়ার মতো একটি পরিস্থিতি!"

আলবানি কাউন্টির এক্সিকিউটিভ ড্যানিয়েল পি. ম্যাককয় বলেন, "আজকের ঘোষণা আরো একবার নিশ্চিত করেছে যে আলবানি কাউন্টি ও নিউ ইয়র্কের রাজধানী অঞ্চল যুক্তরাষ্ট্রের উপকূলীয় বায়ুশক্তি শিল্পের একটি জাতীয় হাবে পরিণত হবে। নিউ ইয়র্ক স্টেটের নবায়নযোগ্য জ্বালানি সম্পর্কিত জোরালো লক্ষ্যসমূহ পূরণের জন্য গভর্নর হোচুলের গৃহীত পদক্ষেপসমূহের জন্য এবং তার প্রদর্শিত নেতৃত্বের জন্য আমি তার প্রশংসা করি। এই প্রকল্প জলবায়ু পরিবর্তন প্রতিরোধের জন্য আমাদের লড়াইয়ে একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং এটি আমাদের অর্থনীতি ও আমাদের ইউনিয়নের কর্মীদলের উপর স্থায়ী প্রভাব ফেলবে। আলবানি কাউন্টিতে অরস্টেড ও এভারসোর্সকে স্বাগত জানাতে পেরে আমি রোমাঞ্চিত এবং এই চমৎকার প্রকল্পের জন্য কোয়েম্যান্স পোর্টের প্রতি রইলো আমার অভিনন্দন।"

আলবানি কাউন্টির লেজিসলেটর উইলিয়াম ক্লে বলেন, "নিউ ইয়র্ক একটি সমৃদ্ধ ও দীর্ঘস্থায়ী উপকূলীয় বায়ুশক্তি শিল্প গড়ে তুলছে। আমাদের কর্মীদলের অন্তর্ভুক্ত সবার জন্য সুচিন্তিত ও উল্লেখযোগ্য উপায়ে এই উদ্যোগের ইতিবাচক সম্ভাবনার সর্বোচ্চ ব্যবহার ও অন্তর্ভুক্তি নিশ্চিত করতে কাজ করার ক্ষেত্রে নেতৃত্ব দিয়ে সাহায্য করার জন্য তাদের অঙ্গীকার ও প্রচেষ্টার জন্য আমি অরস্টেড ও এভারসোর্সের প্রশংসা করি। একটি নজিরবিহীন বৈশ্বিক মহামারীর ফলস্বরূপ, আমাদের কমিউনিটি, আমাদের জনসাধারণ ও আমাদের অর্থনীতির জন্য এখন কর্মীদলের প্রশিক্ষণে বিনিয়োগ করাটা আগের যেকোনো সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ। উপকূলীয় বায়ুশক্তি শিল্প বেড়ে উঠার সাথে সাথে, এই শিল্প যাতে উপকূলীয় বায়ুশক্তি শিল্পের প্রশিক্ষণ, কর্মসংস্থান ও অর্থনৈতিক সুযোগসমূহে প্রান্তিক ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে তা আমরা নিশ্চিত করতে চাই।"

নিউ ইয়র্ক স্টেটের বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের প্রেসিডেন্ট গ্যারি লা বারবেরা বলেন, "টেকসই অর্থনীতি যাতে ভালো ইউনিয়ন কর্মসংস্থানের নতুন খাত হয়ে উঠতে পারে, সানরাইজ উইন্ড-এর বৃহৎ অর্থনৈতিক ও কর্মসংস্থানগত চুক্তি আরো একবার তা নিশ্চিত করেছে। পোর্টের নির্মাণকাজ একটি প্রকল্প শ্রমিক চুক্তির আওতাধীন হওয়ায়, আমাদের এক শতাধিক কঠোর পরিশ্রমী ট্রেডসমেন ও ট্রেডসউইমেন নিউ ইয়র্কের অবকাঠামোর ভবিষ্যতের একটি গুরুত্বপূর্ণ সংযোগের ভিত্তি একত্রিত করার কাজে নেতৃত্ব দিবে। স্টেটের উচ্চাকাঙ্ক্ষী নির্মল জ্বালানির লক্ষ্য পূরণের উদ্দেশ্যে একটি অপরিহার্য জ্বালানি সাপ্লাই চেইন নির্মাণের জন্য এবং টেকসই অর্থনৈতিক সুফল সহ মধ্যম-শ্রেণীর ক্যারিয়ার তৈরির জন্য অরস্টেড ও এভারসোর্স এর সাথে অংশীদার হতে পেরে আমরা গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেটের AFL-CIO প্রেসিডেন্ট, মারিও সিলেন্টো বলেন, "জলবায়ু পরিবর্তন মোকাবেলার জন্য আমাদের ঠিক এই ধরনের বিনিয়োগই প্রয়োজন। এটি মধ্যবিত্ত-শ্রেণির বেড়ে

উঠায় সাহায্য করতে একটি উচ্চ দক্ষতাসম্পন্ন কর্মীদলকে কাজে লাগিয়ে ভালো ইউনিয়ন কর্মসংস্থান তৈরি করবে, সেইসাথে নির্মল জ্বালানি শিল্পে নিউ ইয়র্ককে নেতৃত্বের অবস্থানে প্রতিষ্ঠিত করার পথ গড়ে দিবে।"

বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেডস অব গ্রেটার নিউ ইয়র্ক (Building and Construction Trades of Greater NY) এর বৃহত্তর রাজধানী অঞ্চলের প্রেসিডেন্ট, মাইক লায়ন্স বলেন, "বৃহত্তর রাজধানী অঞ্চলের বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন কাউন্সিল এবং আমাদের 20,000 এরও বেশি ইউনিয়ন নির্মাণ শ্রমিকের পক্ষ থেকে, আমরা কোয়েম্যান্স পোর্টে এই ঘোষণার ব্যাপারে প্রবল উদ্দীপনা প্রকাশ করছি। জীবাশ্ম জ্বালানি থেকে নবায়নযোগ্য জ্বালানির দিকে সরে আসাটা আমাদের সকল অ্যাফিলিয়েটের জন্য একটি বিশাল দায়িত্ব হিসেবে প্রমাণিত হয়েছে, কিন্তু অরস্টেড ও এভারসোর্স এর মতো অংশীদারদের সঙ্গে নিয়ে, আমরা আত্মবিশ্বাসী যে আমাদের সদস্যরা সবসময় একটি ভালো বেতন পাওয়ার, সম্পূর্ণ সমন্বিত স্বাস্থ্য বিমা পাওয়ার সুযোগ পাবেন এবং একটি ভালো পরিমাণ পেনশন নিয়ে মর্যাদার সাথে অবসর গ্রহণ করতে পারবেন। এই বিনিয়োগ সমগ্র অঞ্চলের রূপান্তরে ভূমিকা রাখবে এবং স্টেটব্যাপী অবকাঠামো ও সম্প্রসারণের অংশ হবে।"

ক্লাইমেট জবস NY (Climate Jobs NY)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর জেফ ভকরোট বলেন, "আজকের ঘোষণা এখানে নিউ ইয়র্কে সবার জন্য কাজ করবে এমন একটি নির্মল জ্বালানির অর্থনীতির দিকে এগিয়ে যাওয়ার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের প্রতিনিধিত্ব করে। উপকূলীয় বায়ুশক্তির প্রতি স্টেটের অঙ্গীকার এই ভালো মানের স্থানীয় ইউনিয়নভুক্ত কর্মসংস্থান তৈরি করছে দেখতে পাওয়াটা একটি চমৎকার ব্যাপার, এবং সামনে এগিয়ে যাওয়ার জন্য আমাদের ঠিক এধরনের উন্নয়নই প্রয়োজন -- নির্মল-জ্বালানি অবকাঠামোয় বিনিয়োগ যা নিউ ইয়র্কবাসীদের জন্য পরিবারের প্রতি সহায়তামূলক, কমিউনিটির জন্য স্থিতিশীল ভালো মানের ইউনিয়নভুক্ত কর্মসংস্থান তৈরি করে।"

সিটিজেনস ক্যাম্পেইন ফর দ্যা এনভায়রনমেন্ট (Citizens Campaign for the Environment)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর অ্যাড্রিন এসপোসিটো বলেন, "আমাদের জ্বালানি অবকাঠামোর উত্তরণ একটি গুরুত্বপূর্ণ ও রোমাঞ্চকর বিষয়! উপকূলীয় বায়ুশক্তি শুধু যে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করবে এবং আরো নির্মল বায়ুশক্তি প্রদান করবে তাই নয়, বরং এটি আমাদের জন্য ভালো বেতনের কর্মসংস্থান তৈরি করবে। নিউ ইয়র্কের মেধাবী বাসিন্দাদের জন্য কাজের ব্যবস্থা করে উপকূলীয় বায়ুশক্তির জন্য এমন একটি সাপ্লাই চেইন উন্নয়ন করাটা আমাদের অর্থনীতিকে শক্তিশালী করবে এবং অর্থনৈতিক সমৃদ্ধিকে উদ্দীপিত করবে। নিউ ইয়র্ক শুধু যে সবুজ অর্থনীতি নিয়ে কথা বলছে তাই নয়, বরং আমরা সেটি গড়ে তুলছি। উপকূলীয় বায়ুশক্তি ও সবুজ কর্মসংস্থান তৈরির তাদের ভিশন বাস্তবায়নের জন্য গভর্নর হোচুল ও NYSERDA-এর টিমকে অভিনন্দন।"

নিউ ইয়র্কের নির্মল জ্বালানি মৈত্রীর (Alliance for Clean Energy) এক্সিকিউটিভ ডিরেক্টর, অ্যান রেনোল্ডস বলেন, "নিউ ইয়র্কে উপকূলীয় বায়ুশক্তি চালু হতে যাচ্ছে, এবং সানরাইজ উইন্ড থেকে পাওয়া আজকের সংবাদ থেকে দেখা যায় যে আরো নির্মল বায়ু ও বিদ্যুতের লক্ষ্য অর্জন করতে গিয়ে পোর্ট কমিউনিটিগুলোতে পরিবারের জন্য স্থিতিশীল নতুন

কর্মসংস্থান তৈরি করার মাধ্যমে আমরা সঠিক পথে রয়েছি। এই উষ্ণ সংবাদের জন্য সানরাইজ উইন্ড, NYSERDA, ও কোয়েম্যান্স পোর্টকে অভিনন্দন!"

নিউ ইয়র্ক স্টেটের লিগ অব কনজারভেটিভ ভোটার্স (League of Conservative Voters) এর প্রেসিডেন্ট, জুলি তিঘে বলেন, "নিউ ইয়র্ক একটি সমৃদ্ধ ও দীর্ঘস্থায়ী উপকূলীয় বায়ুশক্তি শিল্প গড়ে তোলার দ্বারপ্রান্তে রয়েছে এবং অরস্টেড ও এভারসোর্স এতে নেতৃত্ব দিচ্ছে দেখে আমরা উচ্ছসিত। সানরাইজ উইন্ড প্রকল্পের কম্পোনেন্ট নির্মাণের জন্য কোয়েম্যান্স পোর্টকে ব্যবহার করা শুধু যে নবায়নযোগ্য জ্বালানির প্রতি আমাদের উত্তরণকে ত্বরাণ্বিত করবে তাই নয়, বরং এটি কয়েকশ সবুজ ইউনিয়ন কর্মসংস্থান তৈরি করবে এবং নিউ ইয়র্কে কয়েক মিলিয়ন ডলার বিনিয়োগ করবে। অগ্রগামী এই গুরুত্বপূর্ণ পদক্ষেপের জন্য এবং নিউ ইয়র্কের জন্য একটি নির্মল জ্বালানির ভবিষ্যত তৈরিতে তাদের অঙ্গীকারের জন্য আমরা সানরাইজ উইন্ডের প্রশংসা করি।"

নিউ ইয়র্ক স্টেটের উপকূলীয় বায়ুশক্তি বিষয়ক মৈত্রীর (Offshore Wind Alliance) ডিরেক্টর, জোয়ি মার্টিন্স বলেন, "আজকের ঘোষণা এই বিষয়টির ইতিবাচক প্রমাণ যে উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত প্রতিশ্রুতি সত্যি এবং এটি লং আইল্যান্ড থেকে শুরু করে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের নিউ ইয়র্কবাসীদের উপকৃত করবে। এসব বিনিয়োগ আমাদের দেশীয় সাপ্লাই চেইন গড়ে তুলতে সাহায্য করবে, পরিবারের জন্য সহায়তামূলক কর্মসংস্থান প্রদান করবে, এবং একটি নির্মল জ্বালানির ভবিষ্যতের দিকে উত্তরণে রাজধানী অঞ্চলের গুরুত্বপূর্ণ ভূমিকা পুনরায় নিশ্চিত করবে।"

নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের 2018 সালের প্রতিযোগিতামূলক উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত উদ্বোধনী সলিসিটেশনের অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেট সানরাইজ উইন্ডকে নির্বাচন করেছে, যেটি 924 মেগাওয়াটের একটি উইন্ড ফার্ম যা মন্টাউক পয়েন্টের পূর্ব দিকে 30 মাইলের বেশি দূরত্বে অবস্থিত হবে। 2023 সালের শুরুতে নির্মাণকাজ শুরু হবে বলে ধারণা করা হচ্ছে, এবং উইন্ড ফার্মটি 2025 সালে পুরোপুরি কর্মক্ষম হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

নিউ ইয়র্কে দেশের-নেতৃস্থানীয় উপকূলীয় বায়ুশক্তি কর্মসূচি সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)

নিউ ইয়র্ক রাজ্যের দেশ-নেতৃত্ব স্থানীয় জলবায়ুর কর্মসূচী হল দেশের সব চেয়ে আক্রমণাত্মক জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা পরিচ্ছন্ন শক্তিতে একটি সুশৃঙ্খল এবং ন্যায়সঙ্গত পরিবর্তনের আহ্বান জানায় যা কর্মসংস্থান সৃষ্টি করে এবং নিউ ইয়র্ক রাজ্য কোভিড-19 থেকে সেরে ওঠার সাথে সাথে সবুজ অর্থনীতির বিকাশ অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতের লক্ষ্যমাত্রা অর্জনের পথে নিউ ইয়র্ক এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030

সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতিতে ব্যাপক কার্বন নিরপেক্ষতায় পৌঁছানো। এটি নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের উপর গড়ে তুলছে যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 91টি বড় আকারের নবায়নযোগ্য প্রকল্পে 21 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি, ভবন নির্গমন হ্রাস করতে 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর শক্তি বাড়ানোর জন্য 1.8 বিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি এবং NY গ্রিন ব্যাংক (NY Green Bank) এর প্রতিশ্রুতিতে 1.2 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2019 সালে নিউইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 150,000 এরও বেশি চাকরি, 2011 থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বাতাস বিকাশের প্রতিশ্রুতিকে সমর্থন করছে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতিকে সামনে এগিয়ে নিয়ে যাবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনবে, সেই সাথে পরিচ্ছন্ন জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যাতে সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে, ও অন-সাইট জ্বালানি ব্যবহার কমানোর জন্য স্টেটের 2025 সালের জ্বালানি দক্ষতার লক্ষ্যমাত্রার দিকে অগ্রসর হবে যা শেষ-ব্যবহারকারীর 185 ট্রিলিয়ন BTU জ্বালানি সাশ্রয় করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন